**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য সেবা বিভাগ**
**প্রশাসন-৪ (মনিটরিং ও সমন্বয়) শাখা**
**বাংলাদেশ সচিবালয়, ঢাকা**
www.hsd.gov.bd

**বিষয়: স্বাস্থ্য সেবা বিভাগের জুন/২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি : মোঃ জাহাঙ্গীর আলম
সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্থান : মন্ত্রণালয় সভাকক্ষ
তারিখ ও সময় : ৩০.০৬.২০২৪ খ্রি: বেলা: ২.০০ টা

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাস অধিশাখা) আলোচ্যসূচি মোতাবেক সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। সভায় সর্বসম্মতিক্রমে গত মাসের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়।

৩। সভায় উপস্থাপিত বিষয়:
ক) গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি পর্যালোচনা
খ) নিষ্পন্ন-অনিষ্পন্ন কার্যক্রম সম্পর্কে আলোচনা
গ) ই-ফাইলিং কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা
ঘ) বিভিন্ন অনুবিভাগের উল্লেখযোগ্য কার্যক্রম ও সমস্যা সম্পর্কিত পর্যালোচনা
ঙ) অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের উল্লেখযোগ্য কার্যক্রম/সমস্যা/সংকট/ চ্যালেঞ্জ বিষয়ক পর্যালোচনা
চ) মন্ত্রীসভা বৈঠকের গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি
ছ) জেলা প্রশাসক সম্মেলনের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা
জ) তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কিত আলোচনা
ঝ) বিবিধ

সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ৩.১ | **সভায় উপস্থিতি:** সভাপতি সমন্বয় সভায় স্বাস্থ্য সেবা বিভাগের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/ সংস্থার প্রধানকে এবং এ বিভাগের সকল অনুবিভাগ প্রধানকে উপস্থিত থাকার অথবা ভার্চুয়ালি সংযুক্ত হওয়ার সুযোগ রাখার নির্দেশনা প্রদান করেন। | অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রধান এবং এ বিভাগের সকল অনুবিভাগ প্রধানকে সভায় উপস্থিত থাকতে হবে। | সকল অনুবিভাগ প্রধান ও অধিশাখা/ শাখার কর্মকর্তাগণ/ সকল দপ্তর |
| ৩.২ | **নিষ্পন্ন-অনিষ্পন্ন ও ডি-ফাইলিং:** সভায় স্বাস্থ্য সেবা বিভাগ ও অধিদপ্তর/দপ্তরসমূহের মধ্যে দীর্ঘদিনের পেন্ডিং বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি পেন্ডিং পত্রসমূহ দ্রুততার সাথে নিষ্পন্ন করার বিষয়ে গুরুত্বারোপ করেন। তিনি সকল শাখা এবং অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহকে স্ব স্ব বিষয়ভিত্তিক পেন্ডিং তালিকা প্রস্তুতপূর্বক সভার ২ দিন পূর্বে প্রশাসন-৪ শাখায় প্রেরণ করার নির্দেশনা দেন। তিনি স্বাস্থ্য অধিদপ্তরের নিকট পেন্ডিং থাকা স্বাস্থ্য সেবা বিভাগের বাজেট শাখার বিভিন্ন বিল পরিশোধ সংক্রান্ত চিঠির জবাব প্রদান ও পার-২ | ক) সকল শাখা এবং অধিদপ্তর/দপ্তর/ সংস্থাসমূহকে স্ব স্ব বিষয়ভিত্তিক পেন্ডিং তালিকা প্রস্তুতপূর্বক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।<br>খ) বাজেট শাখার বিল পরিশোধ সংক্রান্ত চিঠির জবাব প্রদান ও পার-২ শাখার চিকিৎসকদের কেরিয়ার প্ল্যানিং সংক্রান্ত পেন্ডিং বিষয়গুলো স্বাস্থ্য অধিদপ্তর দ্রুত নিষ্পত্তি করবে।<br>গ) সচিবালয় নির্দেশমালা-২০২৪ অনুযায়ী সব চিঠিপত্র নিষ্পত্তি করতে হবে।<br>ঘ) মন্ত্রণালয়ের সকল শাখা এবং অধিদপ্তর/দপ্তর/ সংস্থাসমূহ স্ব স্ব বিষয়ভিত্তিক পেন্ডিং তালিকা | সকল অনুবিভাগ প্রধান ও অধিশাখা/ শাখার কর্মকর্তাগণ/ সকল দপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | শাখার চিকিৎসকদের কেরিয়ার প্ল্যান সংক্রান্ত বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ জানান। এছাড়া সচিবালয় নির্দেশমালা-২০২৪ অনুযায়ী সব চিঠিপত্র নিষ্পত্তির বিষয়েও তিনি গুরুত্বারোপ করেন।<br>স্বাস্থ্য সেবা বিভাগ ও অধিদপ্তরসমূহের মে/২০২৪ মাসের ডি-নথিতে নিষ্পন্নের হার কাঙ্খিত লক্ষ্যমাত্রার কম হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। তিনি স্বাস্থ্য সেবা বিভাগসহ সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে আবশ্যিকভাবে ৮৫% এর উপরে ডি-নথি নিষ্পন্ন করার নির্দেশনা প্রদান করেন। | প্রস্তুতপূর্বক প্রশাসন -৪ শাখায় প্রেরণ করবে।<br>চ) সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাকে আবশ্যিকভাবে ৮৫% এর উপরে ডি-নথি নিষ্পন্ন করতে হবে। | |
| ৩.৩ | **শাখা পরিদর্শন:** কর্মকর্তাদের শাখা পরিদর্শনের পরিলক্ষিত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি সচিবালয় নির্দেশমালা-২০২৪ মোতাবেক অতিরিক্ত সচিব, যুগ্মসচিব ও উপসচিবগণকে নিজ নিজ শাখা নিয়মিত পরিদর্শন করতে অনুরোধ করেন। | সচিবালয় নির্দেশমালা-২০২৪ মোতাবেক অতিরিক্ত সচিব, যুগ্মসচিব ও উপসচিবগণ নিয়মিত শাখা পরিদর্শন করবেন। | সকল অধিশাখা/ শাখা |
| ৩.৪ | **হাসপাতাল পরিদর্শন** : সভায় হাসপাতাল পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন ও ফলোআপের বিষয়ে বিষদ আলোচনা হয়। সভাপতি জানান যে, জেলা ও উপজেলা হাসপাতালসমূহে স্বাস্থ্য কমিটি গঠনের বিষয়ে মাননীয় মন্ত্রীর নির্দেশনা মোতাবেক হাসপাতালসমূহে স্বাস্থ্য কমিটি গঠন হয়েছে কিনা পরিদর্শনের সময় সেদিকে নজর দিতে হবে। তিনি অধিদপ্তর/ দপ্তর/সংস্থার কর্মকর্তাগণকে প্রতি শনিবার অগ্রাধিকার ভিত্তিতে হাসপাতাল পরিদর্শন এবং পরিদর্শনকৃত প্রতিবেদন স্বাস্থ্য সেবা বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করতে নির্দেশনা প্রদান করেন। তিনি পরিদর্শনের সময় হাসপাতাল অনুবিভাগের নির্ধারিত ছক এবং উন্নয়ন অনুবিভাগের প্রকল্পের তালিকা সঙ্গে নিতে পরামর্শ দেন। তিনি পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলোর বাস্তবায়ন নিয়মিত ফলোআপ করতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ করেন। স্ব শরীরে সম্ভব না হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নির্ধারিত হাসপাতালসমূহ অন্তত সপ্তাহে একদিন ভার্চুয়ালি পরিদর্শন করবেন মর্মে সভাপতি পরামর্শ প্রদান করেন। সভাপতি হাসপাতাল পরিদর্শনের সময়ে নিমিউ এন্ড টিসি ও টেমো এর কর্মকর্তাদের সাথে রাখার পরামর্শ দেন। | ক) মাননীয় মন্ত্রীর নির্দেশনা মোতাবেক হাসপাতাসমূহে স্বাস্থ্য কমিটি গঠন হয়েছে কিনা পরিদর্শনের সময় সেদিকে নজর দিতে হবে।<br>খ) অধিদপ্তর/দপ্তর/সংস্থার কর্মকর্তাগণ প্রতি শনিবার অগ্রাধিকার ভিত্তিতে হাসপাতাল পরিদর্শন করবে এবং পরিদর্শনকৃত প্রতিবেদন স্বাস্থ্য সেবা বিভাগের সংশ্লিষ্ট শাখায় প্রেরণ করবে।<br>গ) পরিদর্শনের সময় হাসপাতাল অনুবিভাগের নির্ধারিত ছক এবং উন্নয়ন অনুবিভাগের প্রকল্পের তালিকা সঙ্গে নিতে হবে।<br>ঘ) স্ব শরীরে সম্ভব না হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সপ্তাহে অন্তত একদিন নির্ধারিত হাসপাতালসমূহ ভার্চুয়ালি পরিদর্শন করবেন।<br>ঙ) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশগুলো বাস্তবায়নের বিষয়টি নিয়মিত ফলোআপ করতে হবে।<br>চ) পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।<br>ছ) গুরুত্বপূর্ণ পরিদর্শনে নিমিউ এন্ড টিসি ও টেমো এর কর্মকর্তারা উপস্থিত থাকবেন। | হাসপাতাল অনুবিভাগ/ প্রশাসন অনুবিভাগ/ বাজেট অনুবিভাগ ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |
| ৩.৫ | **পদসৃষ্টি ও শূন্য পদ পূরণ:** যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে অবহিত করেন যে, দেশের সকল স্বাস্থ্য প্রতিষ্ঠানের কর্মচারী নিয়োগের ছাড়পত্র প্রদান করা হয়েছে। যুগ্মসচিব পার-৪ জানান যে, ২০ শয্যাবিশিষ্ট ৮টি (সিরাজগঞ্জ সদর, ফেনী সদর, দাউদকান্দি, কুমিল্লা, ভালুকা, ময়মনসিংহ, | ক) জুন/২০২৪ মাসের মধ্যে সকল পর্যায়ের নিয়োগ কার্যক্রম সম্পন্ন করতে হবে।<br>(খ) ২০ শয্যাবিশিষ্ট ট্রমা সেন্টারে জনবল নিয়োগ দিতে হবে।<br>(গ) পদসমূহের নিয়োগ কার্যক্রম দ্রুত সমাপ্ত করার | প্রশাসন অনুবিভাগ/ বাজেট অনুবিভাগ/ পার অধিশাখা/ স্বাস্থ্য অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| | ফরিদপুর সদর, শেখ সায়েরা খাতুন মেডিকেল কলেজ হাসপাতালের অভ্যন্তরে ট্রমা সেন্টার, গোপালগঞ্জ, ঘোনাপাড়া ২০ শয্যাবিশিষ্ট ট্রমা সেন্টার, গোপালগঞ্জ, কর্ণেল মালেক মেডিকেল কলেজ হাসপাতালের অভ্যন্তরে ২০ শয্যাবিশিষ্ট ট্রমা সেন্টার,মানিকগঞ্জ) ট্রমা সেন্টার পদ সৃজন করা হয়েছে।<br>এছাড়া বাকী (২০ শয্যাবিশিষ্ট ট্রমা সেন্টার, মুলবাড়ি, সিরাজগঞ্জ, নবনির্মিত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, বাহুবল, হবিগঞ্জ, লোহাগাড়া, চট্টগ্রাম, নবনির্মিত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স, শেরপুর বগুড়া) ১০৮ টি পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উক্ত মন্ত্রনালয় হতে মুলিবাড়ি ও বাহুবল ২টি ট্রমা সেন্টারের জন্য -৮টি পদ সমন্বয় এবং ১৬টি পদ সৃজনে ২১/০৫/২০২৪ তারিখে সম্মতি প্রদান করেন। পরবর্তীতে ২৪.০৬.২০২৪ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতিকৃত পদসমূহ সৃজনের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। | উদ্যোগ নিতে হবে। | |
| ৩.৬ | **এপিএ বাস্তবায়ন:** সভায় ২০২৩-২০২৪ অর্থবছরে এপিএ'র লক্ষ্যমাত্রা বাস্তবায়ন বিষয়ক বিশদ আলোচনা হয়। ফোকাল পয়েন্ট এপিএ জানান যে, আগামী ৩০ এপ্রিলের মধ্যে ২০২৪-২০২৫ অর্থবছরের খসড়া এপিএ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। আগামী ৩০ মে'র মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের মতামত অনুযায়ী প্রয়োজনীয় সংশোধন করে চূড়ান্ত এপিএ BMC এবং মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর অনুমোদন গ্রহণ করে এপিএএমএস সফট্ওয়্যারে দাখিল করতে হবে। সভাপতি সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের ফোকাল পয়েন্টদের নিয়ে সভা করে ২০২৪-২০২৫ অর্থবছরের এপিএ'র খসড়া প্রস্তুতের করণীয় সম্পর্কে অবগত করতে পরামর্শ দেন। সভাপতি চলতি বছরের লক্ষ্যমাত্রা অর্জনে পিছিয়ে থাকা সূচকগুলোর প্রতি বিশেষ নজর দিতে অনুরোধ করেন। তিনি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রমাপ মোতাবেক পিএসসি এবং পিআইসি সভা নিয়মিত অনুষ্ঠান ও এডিপি বাস্তবায়নে পরিকল্পনা অনুবিভাগকে অনুরোধ করেন। | ক) হাসপাতাল পরিদর্শনের সময় এপিএর লক্ষ্যমাত্রার বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ করতে হবে।<br>খ) বিগত বছরের লক্ষ্যমাত্রা অর্জনে ব্যর্থ সূচকগুলোতে লক্ষ্যমাত্রা অর্জনে চলতি বছরে বিশেষ নজর দিতে হবে।<br>গ) জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার প্রমাপ মোতাবেক পিএসসি এবং পিআইসি সভা নিয়মিত অনুষ্ঠান ও এডিপি বাস্তবায়নে সচেষ্ট হতে হবে। | পরিকল্পনা/প্রশাসন অনুবিভাগ / সকল দপ্তর ও সংস্থা |
| ৩.৭ | **প্রশিক্ষণ:** শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা স্বাস্থ্য সেবা বিভাগের এপিএ, শুদ্ধাচার, ইনোভেশন, সঞ্জীবনীসহ সকল ধরনের প্রশিক্ষণের অগ্রগতি সম্পর্কে সভাকে অবগত করেন। সভাপতি বার্ষিক কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা মোতাবেক সকল প্রশিক্ষণ নির্ধারিত সময়ে আয়োজন করতে নির্দেশনা প্রদান করেন। | ক) বার্ষিক কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রা মোতাবেক সকল প্রশিক্ষণ নির্ধারিত সময়ে আয়োজন করতে হবে। | সংশ্লিষ্ট সকল অনুবিভাগ/ সকল দপ্তর/সংস্থা |

| | | | |
|---|---|---|---|
| ৩.৮ | **স্বাস্থ্য অধিদপ্তর:** সভায় স্বাস্থ্য অধিদপ্তরের পেন্ডিং চিঠি এবং নিয়োগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া দ্রুত অডিট আপত্তি নিষ্পত্তির লক্ষ্যে আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট কর্তৃক গৃহীত পদক্ষেপের বিষয়ে আলোচনা হয়।<br><br>মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর জানান সরকারি নির্দেশনা অনুযায়ী তেল ব্যবহারে কৃচ্ছ্রতা সাধনের জন্য উপজেলা পর্যায়ে ভার্চুয়াল মনিটরিং করা হচ্ছে।<br>সভাপতি উপজেলাভিত্তিক তালিকা তৈরিপূর্বক অ্যাম্বুলেন্স ড্রাইভারের শূন্যপদ দ্রুত পুরণ করতে নির্দেশনা দেন। নতুন অ্যাম্বুলেন্স প্রদানের ক্ষেত্রে পূর্বে প্রদানকৃত অ্যাম্বুলেন্সের সার্বিক অবস্থা বিবেচনায় নিতে বলেন। এছাড়াও তিনি দেশের বিভিন্ন হাসপাতালে অ্যাম্বুলেন্সের অসংগতি দূর করতে বলেন। | ক) অধিদপ্তর/দপ্তর/ সংস্থাকে তাদের ব্রডশীট জবাব তৈরি করে দ্রুত স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করতে হবে।<br>খ) গাড়ির তেলের খরচ বাঁচাতে উপজেলা পর্যায়ে অনলাইন মনিটরিং অব্যাহিত রাখতে হবে।<br>গ) উপজেলাভিত্তিক তালিকা তৈরিপূর্বক অ্যাম্বুলেন্স ড্রাইভারের শূন্যপদ দ্রুত পুরণ করতে হবে।<br>ঘ) নতুন অ্যাম্বুলেন্স প্রদানের ক্ষেত্রে পূর্বে প্রদানকৃত অ্যাম্বুলেন্সের সার্বিক অবস্থা বিবেচনায় নিতে হবে।<br>ঙ) দেশের বিভিন্ন হাসপাতালে অ্যাম্বুলেন্সের অসংগতি দূর করতে হবে। | অতিরিক্ত সচিব (আ:ব্য:অ:) ও সংশ্লিষ্ট অধিদপ্তর |
| ৩.৯ | **নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর:** সভায় নার্স ও মিডওয়াইফারিদের বদলি সংক্রান্ত বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br>সভাপতি বলেন নার্সদের বদলি সংক্রান্ত বিষয় নিষ্পত্তিতে দ্রুত পদক্ষেপ নিতে হবে। যারা বদলী হতে চায় তাদের বদলির ব্যাপারে আইন সম্মতভাবে পদক্ষেপ নিতে হবে। নার্সদের বদলির পরিসংখ্যান দিতে হবে। | ক) নার্সদের বদলি সংক্রান্ত বিষয় নিষ্পত্তিতে দ্রুত পদক্ষেপ নিতে হবে। যারা বদলি হতে চায় তাদের বদলির ব্যাপারে পদক্ষেপ নিতে হবে।<br><br>খ) নার্স বদলি সংক্রান্ত বিষয় দ্রুত নিষ্পত্তি করতে হবে এবং বদলির পরিসংখ্যান দিতে হবে। | নার্সিং অনুবিভাগ/ নার্সিং ও মিড ওয়াইফারি অধিদপ্তর |
| ৩.১০ | **ঔষধ প্রশাসন অধিদপ্তর:** মহাপরিচালক জানান ফার্মেসি আইন-২০২৪ এর খসড়া প্রস্তুতি কাজ চলমান।বিশ্ব স্বাস্থ্য সংস্থার সদর দপ্তর হতে গত ২২/০৪/২০২৪ তারিখে আগত বিশেষজ্ঞ দলকে মেসার্স ইনসেপ্টা ফার্মাসিউটিক্যালস লিঃ এবং ঔষধ প্রশাসন অধিদপ্তর পরিদর্শনে সর্বাত্মক সহযোগিতা করা হয়েছে। ঔষধ ও কসমেটিকস আইন মোবাইল কোর্টের শিডিউলভুক্ত করা হয়েছে মর্মে ও তিনি সভাকে অবহিত করেন। তিনি আরো জানান যে, ঔষধ প্রশাসন অধিদপ্তরে দীর্ঘ দিন যাবৎ মেডিকেল অফিসার পদ শুন্য রয়েছে। এছাড়া প্রকল্প পরিচালক ও লাইন ডাইরেক্টরের পদও শুন্য রয়েছে। সভাপতি পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তরকে ঔষধ প্রশাসন অধিদপ্তরে দ্রুত একজন মেডিকেল অফিসার পদায়নের নির্দেশনা প্রদান করেন। তিনি স্বাস্থ্য সেবা বিভাগের সংশ্লিষ্ট শাখাকে ঔষধ প্রশাসন অধিদপ্তরের অপারেশনাল প্ল্যানে প্রকল্প পরিচালক ও লাইন ডাইরেক্টর পদায়নের প্রয়োজনীয় পদেক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। | ক) 'ফার্মেসি আইন ২০২৪' এর খসড়া অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।<br>খ) দেশের সকল ফার্মেসিকে আইনানুযায়ী লাইসেন্সের আওতায় আনতে হবে ও নিয়মিত লাইসেন্স নবায়নের ব্যবস্থা নিতে হবে।<br>গ) মাঠে ঔষধের গুণগত মান পরিবীক্ষণ কার্যক্রম জোরদার করতে হবে এবং অভিযানের তথ্যাদি সভায় উপস্থাপন করতে হবে।<br>ঘ) স্বাস্থ্য অধিদপ্তর ঔষধ প্রশাসন অধিদপ্তরে দ্রুত একজন মেডিকেল অফিসার পদায়ন করবে।<br>ঙ) স্বাস্থ্য সেবা বিভাগের সংশ্লিষ্ট শাখাকে ঔষধ প্রশাসন অধিদপ্তরের অপারেশনাল প্ল্যানে প্রকল্প পরিচালক ও লাইন ডাইরেক্টর পদায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। | ঔষধ প্রশাসন অনুবিভাগ/ ঔষধ প্রশাসন অধিদপ্তর |

| | | | |
|---|---|---|---|
| ৩.১১ | **স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর :** প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জানান যে, পরিচালক (প্রশাসন) এর পদ শূন্য থাকায় পদোন্নতি ও নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হচ্ছে না।<br>সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগের সংশ্লিষ্ট শাখাকে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে পরিচালক পদে জনবল পদায়নের জন্য অনুরোধ জানান। তিনি চাহিদার ভিত্তিতে জেলা- উপজেলার মেরামতযোগ্য হাসপাতালগুলোর অর্থ বরাদ্দের প্রশাসনিক অনুমোদন দিতে সংশ্লিষ্ট শাখাকে নির্দেশনা প্রদান করেন। তিনি হাসপাতাল মেরামতখাতে অর্থ প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতার উপর জোর দেন। জেলা-উপজেলার মেরামতযোগ্য হাসপাতালগুলোর তালিকা তৈরি করতে নির্দেশনা প্রদান করেন। ইনানীতে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ডরমেটরির জনবল নিয়োগ ও ভাড়া নির্ধারণের জন্য কমিটি গঠন করতে বলেন। | ক) স্বাস্থ্য সেবা বিভাগের সংশ্লিষ্ট শাখা স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরে পরিচালক (প্রশাসন) পদে জনবল পদায়ন করবে।<br>খ) স্বাস্থ্য সেবা বিভাগের সংশ্লিষ্ট শাখা চাহিদার ভিত্তিতে জেলা- উপজেলার মেরামতযোগ্য হাসপাতালগুলোর অর্থ বরাদ্দের প্রশাসনিক অনুমোদন দিতে হবে।<br>গ) হাসপাতাল মেরামতখাতে অর্থ প্রদানের ক্ষেত্রে স্বচ্ছতার উপর জোর দিবে।<br>ঘ) জেলা-উপজেলার মেরামতযোগ্য হাসপাতালগুলোর তালিকা তৈরি করতে করতে হবে।<br>ঘ) ইনানীতে স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের ডরমেটরির জনবল নিয়োগ ও ভাড়া নির্ধারণের জন্য কমিটি গঠন করতে হবে। | স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ৩.১২ | **নিমিউ এন্ড টিসি:** সভায় নিমিউ এন্ড টিসির সক্ষমতা বৃদ্ধির বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়। চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি জানান, নতুন পদ সৃজনের কাজ চলমান রয়েছে। নিয়োগবিধি চূড়ান্তকরণ সভা সম্পন্ন হয়েছে। শূন্য পদে জনবল নিয়োগের জন্য মন্ত্রণালয় হতে ছাড়পত্র পাওয়া গিয়েছে। টেলিটকের সাথে যোগযোগ হয়েছে এবং এসংক্রান্ত কারিগরি কাজ চলমান রয়েছে। মেরামতযোগ্য অকেজো যন্ত্রপাতি এর তালিকা গত ২৮.০২.২০২৪ তারিখে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। | ক) নিমিউ এন্ড টিসির নতুন পদসৃজন, অর্গানোগ্রাম প্রস্তুত এবং নিয়োগবিধির চলমান কাজ দ্রুত সম্পন্ন করতে হবে।<br>খ) শূন্যপদে দ্রুত জনবল নিয়োগ করতে হবে। | নিমিউ এন্ড টিসি |
| ৩.১৩ | **টেমোঃ** সভায় টেমোর নতুন পদসৃজন, অর্গানোগ্রাম প্রস্তুত এবং নিয়োগবিধির চলমান কাজ দ্রুত সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>ওয়ার্কশপ ম্যানেজার, টেমো জানান, নতুন পদ সৃজন এবং অর্গানোগ্রাম প্রস্তুতের প্রস্তাব টেমো থেকে স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। | ক) টেমোর নতুন পদসৃজন, অর্গানোগ্রাম প্রস্তুত এবং নিয়োগবিধির চলমান কাজ দ্রুত সম্পন্ন করতে হবে। | টেমো |
| ৩.১৪ | **পরিকল্পনা অনুবিভাগ:**<br>পরিকল্পনা অনুবিভাগ জানায় যে, জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুর্নবাসন প্রতিষ্ঠান (নিটোর) সম্প্রসারণ (২য় সংশোধিত) ২০১৩ থেকে জুন, ২০২১ মেয়াদ শেষ হলেও এখনো পিসিআর জমা দেয়নি। বিষয়টি নিষ্পত্তির জন্য সাবেক সচিব মহোদয় উদ্যোগ নেওয়ার পরও কোন উন্নতি ঘটেনি। | ক) স্বাস্থ্য অধিদপ্তর জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুর্নবাসন প্রতিষ্ঠান (নিটোর) সম্প্রসারণ (২য় সংশোধিত) প্রজেক্ট ২০২১ সালে শেষ হলেও পিসিআর জমা না দেওয়ার কারণ উদ্‌ঘাটনপূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। | |

| | | | |
|---|---|---|---|
| | সভাপতি স্বাস্থ্য অধিদপ্তরকে নিটোর প্রজেক্টের পিসিআরসহ সংশ্লিষ্ট মালামাল জমা দেওয়ার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করেন। | | |
| ৩.১৫ | **আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট:** সভায় অধিদপ্তর/দপ্তর/সংস্থার ব্রডশীট জবাব নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। অতিরিক্ত সচিব (আর্থিক ব্যবস্থাপনা ও অডিট) জানান, সোহরাওয়ার্দী মেডিকেল হাসপাতালের ৪৪টি অডিট আপত্তির ব্রডশীটে জবাবের মধ্যে ২৪টির জবাব পাওয়া যায়নি বিধায় সোহরাওয়াদীর অডিট আপত্তির নিষ্পত্তি সম্ভব হয়নি। ফলে দ্বিপক্ষীয় সভা হলেও তৃপক্ষীয় সভা করা সম্ভব হচ্ছেনা। সভাপতি সময়মত ব্রডশীটে জবাব দিতে ব্যর্থ প্রতিষ্ঠানগুলোর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করেন। তিনি দপ্তর/সংস্থার সাথে সমন্বয় করে ত্রিপক্ষীয় সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি অব্যাহত রাখতে নির্দেশনা প্রদান করেন। | ক) অধিদপ্তর/দপ্তর/সংস্থা তাদের ব্রডশিট জবাব প্রস্তুতপূর্বক আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিটে প্রেরণ করবেন।<br>খ) দপ্তর/সংস্থার সাথে সমন্বয় করে ত্রিপক্ষীয় সভার মাধ্যমে অডিট আপত্তি নিষ্পত্তির হার বৃদ্ধি অব্যাহত রাখতে হবে।<br>গ) স্বাস্থ্য অধিদপ্তরকে তৃপক্ষীয় সভা আয়োজনের জন্য স্থানীয় স্থানীয়ে এবিষয়ের কার্যক্রম নিষ্পত্তির উদ্যোগ নিতে হবে।<br>ঘ) সময়মত ব্রডশীটে জবাব দিতে ব্যর্থ প্রতিষ্ঠানগুলোর বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবে। | আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট |
| ৩.১৬ | **চলমান মামলা সংক্রান্ত:** সভাপতি চলমান মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে আদালতের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে এবং যেকোন গুরুত্বপূর্ণ বিষয় সচিবকে অবগত করতে অনুরোধ জানান। এছাড়াও মামলা সংক্রান্ত ব্যয় রাজস্বের নির্ধারিত কোড থেকে খরচ করতে নির্দেশনা প্রদান করেন। | ক) মামলা সংক্রান্ত বিষয়ে আদালতের সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে। যেকোনো গুরুত্বপূর্ণ বিষয় সচিবকে অবগত করতে হবে।<br>খ) মামলা সংক্রান্ত কাজের ব্যয় রাজস্বের নির্ধারিত কোড থেকে খরচ করতে হবে।<br>গ) চলমান মামলার হালনাগাদ তথ্য রাখতে হবে।<br>ঘ) বিভাগভিত্তিক মামলার তালিকা তৈরি করতে হবে। | আইন অনুবিভাগ/দপ্তর / সংস্থা সংশ্লিষ্ট অনুবিভাগ/সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা |
| ৩.১৭ | **জেলা প্রশাসক সম্মেলন:** জেলা প্রশাসক সম্মেলনের সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | ক) জেলা প্রশাসক সম্মেলন ২০২৪ এর কার্যপত্র প্রস্তুত করতে হবে।<br>খ) জেলা প্রশাসক সম্মেলন ২০১৮-২৩ পর্যন্ত গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। | সকল অনুবিভাগ/সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা |
| ৩.১৮ | **তথ্য অধিকার আইন:** তথ্য অধিকার আইন, ২০০৯ সম্পর্কিত সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-২ শাখা কর্মকর্তা আলোচনায় বলেন যে, মন্ত্রণালয়ের বিভিন্ন শাখা/দপ্তর প্রধান এবং সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা হতে তথ্য অধিকার আইন সম্পর্কিত কার্যক্রমের তথ্য সরাসরি প্রশাসন-২ শাখায় প্রেরণের জন্য অনুরোধ জানান। | তথ্য অধিকার আইন সম্পর্কিত কার্যক্রমের তথ্য স্বাস্থ্য সেবা বিভাগের প্রশাসন-২ শাখায় প্রেরণ করতে হবে। | সকল অনুবিভাগ/সংশ্লিষ্ট অধিদপ্তর/সংস্থা |

| | | | |
|---|---|---|---|
| ৩.১৯ | **মন্ত্রী সভা বৈঠকে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন:** সভায় মন্ত্রী সভা বৈঠকে গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে ইংরেজি ভাষায় প্রণীত বিদ্যমান আইনসমূহ যুগোপযোগী করিয়া বাংলায় প্রণয়ন এবং সামরিক আমলে প্রণীত আইনগুলো সংশোধন/ পরিমার্জন করে হালনাগাদকরণের অগ্রগতি নিয়ে আলোচনা হয়। সভাপতি স্বাস্থ্যসেবা ও সুরক্ষা আইন, ২০২৩ এবং ফার্মেসি কাউন্সিল আইন, ২০২৩ এর খসড়াটি দ্রুত আইনে পরিণত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করেন। সভাপতি ঔষধ ও কসমেটিকস আইন, ২০২৩ এর বিধিমালা দ্রুত প্রণয়নের জন্য সংশ্লিষ্টদের নির্দেশনা প্রদান করেন। | ক) স্বাস্থ্যসেবা ও সুরক্ষা আইন, ২০২৩ এবং ফার্মেসি কাউন্সিল আইন, ২০২৩ এর খসড়াটি দ্রুত আইনে পরিণত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>খ) ঔষধ ও কসমেটিকস আইন, ২০২৩ এর বিধিমালা দ্রুত প্রণয়ন করতে হবে। | |
| ৩.২০ | **বিবিধ:** সভাপতি স্বাস্থ্য সেবা বিভাগগ ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার সমন্বয়ে প্রতিমাসে সভা করার উপরও গুরুত্ব প্রদান করেন। তিনি সচিবের অনুপস্থিতিতে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সভাপতিত্বে সভা হবে মর্মে জানান। তিনি সমন্বয় সভায় অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধানদের বিনা ব্যর্থতায় উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধানদের কার্যক্রম সচিবের কার্যক্রমের সাথে সমন্বয় করার নির্দেশনা প্রদান করেন। | ক) স্বাস্থ্য সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার সমন্বয়ে প্রতিমাসে একটি করে সমন্বয় সভা আয়োজন করতে হবে।<br>খ) সচিবের অনুপস্থিতিতে অতিরিক্ত সচিব (প্রশাসন) এর সমন্বয় সভায় সভাপতিত্বে সভা করতে হবে।<br>গ) সমন্বয় সভায় অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধানগণ বিনা ব্যর্থতায় উপস্থিত থাকবেন।<br>ঘ) অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রধানদের কার্যক্রম স্বাস্থ্য সেবা বিভাগের কার্যক্রমের সাথে সমন্বয় করে বাস্তবায়ন করতে হবে। | সকল দপ্তর ও সংস্থা |

৪. অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৫. সভায় উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট ক

স্বাক্ষরিত
৩০-০৬ -২০২৪
মোঃ জাহাঙ্গীর আলম
সচিব
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

স্মারক নং: ৪৫.০০.০০০০.১৪৩.০৬.০০১.২৩(অংশ-১)- ১৮৬

তারিখ: ০৯-০৭-২০২৪খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক সকল অনুবিভাগ/অধিশাখা/শাখা-কে স্বাস্থ্য সেবা বিভাগের জুন/২০২৪ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী সিদ্ধান্তসমূহের (প্রযোজ্য ক্ষেত্রে) অগ্রগতি প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**মন্ত্রণালয়/বিভাগ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. অতিরিক্ত সচিব (সকল) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

২. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর/স্বাস্থ্য অর্থনীতি ইউনিট/নার্সিং মিডওয়াইফারি অধিদপ্তর/ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা।

৩. প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।

৪. যুগ্মসচিব (সকল) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৫. উপসচিব (সকল) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৬. সিনিয়র সহকারী সচিব (সকল) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৭. চিফ টেকনিক্যাল ম্যানেজার, নিমিউ এন্ড টিসি, মহাখালী, ঢাকা।

৮. সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৯. সহকারী সচিব (সকল) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

১০. হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

১১. লাইব্রেরিয়ান, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

১২. ওয়ার্কশপ ম্যানেজার, টেমো, মহাখালী, ঢাকা।

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থেঃ**

১. সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।

২. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটের শুদ্ধাচার সেবাবক্সে প্রকাশের অনুরোধসহ)।

৩. অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৪. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

০১/৭/২৪

(খন্দকার রবিউল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৯৫৭৯৮৯
ই-মেইল:monitor@hsd.gov.bd